গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

# ২০২১-২২ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ০১/১২/২০২১ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | : | সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ |
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী<br>সচিব<br>পরিকল্পনা বিভাগ, ঢাকা |

***সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'***

১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) সভাকে জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে পরিকল্পনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২টি কার্যক্রমের আওতায় ১৩টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ইনোভেশন টিমের ১ম সভা গত ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। চলতি অর্থবছরে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, ডিজিটালাইজেশন ধারণা বাস্তবায়নে তিনটি পৃথক আইডিয়া গ্রহণ করা হয়েছে।

২.০০ বিগত ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়।

৩.০০ বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

| বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| (ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচকসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক সংখ্যা ১৩টি। ২টি সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে, ১১টির কাজ চলমান আছে। |
| (খ) সম্পাদিত কর্মসম্পাদন সূচকের অনুকূলে যথাযথ প্রমাণক সংরক্ষণ করতে হবে। | সম্পাদিত কর্মসম্পাদন সূচকের অনুকূলে যথাযথ প্রমাণক সংরক্ষণ করা হয়েছে। |

৪.০০ উপসচিব (এপিএ) সভাকে অবহিত করেন যে, কর্মসম্পাদন সূচক ১.৪.১ অনুসারে ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। গত ১৩/৯/২০২১ তারিখে যুগ্মসচিব (বাজেট ও এপিএ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট শাখাকে আইসিটি সেলের সহায়তায় উদ্ভাবনী ধারণাসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে। বিগত অর্থবছরসমূহে গৃহীত অবাস্তবায়িত ৩টি আইডিয়া নিম্নরুপ:

| ক্র: নং | আইডিয়া | অর্থবছর | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক. | গাড়ী অধিযাচন (ডিজিটাল) সেবা সহজিকরণে সফটওয়্যার নির্মাণ | ২০১৮-১৯ | প্রটোকল অধিশাখা ও আইসিটি সেল |
| খ. | বৈদেশিক প্রশিক্ষণে সুযোগের সমতা বিধান এবং কর্মকর্তা মনোনয়ন সহজিকরণ | ২০১৮-১৯ | পিটি শাখা ও আইসিটি সেল |
| গ. | বিদ্যুৎ সাশ্রয়ে মুভমেন্ট সেন্সর সিস্টেম চালুকরণ | ২০১৯-২০ | সাধারণ অধিশাখা |

বিগত অর্থবছরে গৃহীত গাড়ি অধিযাচন ও বৈদেশিক প্রশিক্ষণে সমতা আনয়নের লক্ষ্যে নির্মিত সফটওয়্যার এর ফলোআপ/প্রভাব বিষয়ে বিভাগের কর্মকর্তাগণকে অর্থাৎ সেবা গ্রহীতাগণকে অবহিত করার জন্য জনাব মো: আশরাফ হোসেন, প্রাক্তন উপসচিব, পরিকল্পনা বিভাগ বরাবর পত্র প্রদান করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

৫.০০ সভাপতি ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয় অবহিতকরণের নিমিত্ত ডিসেম্বর/২০২১ মাসে ৪টি কর্মশালা আয়োজন করতে উপসচিব (পিটি) কে নির্দেশনা দেন। উক্ত কর্মশালায় প্রকল্প পরিচালক, এটুআই, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, আইসিটি বিভাগ এবং বিসিসি হতে সম্মানিত বিশেষজ্ঞগণকে আমন্ত্রণ জানানোর নির্দেশনা প্রদান করেন। তিনি তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি যথাসময়ে আপলোড করতে নির্দেশ দেন। এছাড়া সচিব, পরিকল্পনা বিভাগ যে সকল সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন সেগুলোর তথ্যসহ ছবি তথ্য বাতায়নে আপলোড করার প্রয়োজন আছে বলে জানান। সভাপতি চলতি মাসের মধ্যে দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেন। তিনি জেলা প্রশাসকদের সাথে যোগাযোগ করে উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের কাজ দ্রুত সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন।

৬.০০ <u>আওতাধীন দপ্তর/সংস্থা (বিআইডিএস) এর বাস্তবায়ন অগ্রগতি:</u>

(ক) ২০২১-২২ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (জুলাই-ডিসেম্বর/২০২১) পর্যন্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সর্বমোট ০৯ (নয়) টি লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ০৪ (চার) টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন করা হয়েছে এবং অবশিষ্ট সূচকসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

(খ) কর্মসম্পাদন সূচক ১.৩.১ মোতাবেক সেবা ডিজিটাইজেশন হিসেবে 'অনলাইন মনিটরিং সিস্টেম' ধারণাটি গ্রহণ করা হয়েছিল এবং উক্ত ধারণা বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। তবে এ বিষয়ে সভাপতি ডিজিটাল আইডিয়াটি সম্পর্কে বিস্তারিত অবহিত করতে বলেন। ডিজিটাল সেবাটি যথাযথভাবে সম্পাদন করার পরামর্শ প্রদান করেন।

(গ) কর্মসম্পাদন সূচক ১.৪.১ মোতাবেক ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিচাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভাটি গত ২৬ জুলাই, ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। সভাপতি প্রমাণক হিসেবে পর্যালোচনা সভার কার্যবিবরণী এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করেন।

(ঘ) গত ২২ নভেম্বর, ২০২১ তারিখ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এবং গত ০৮ নভেম্বর, ২০২১ তারিখ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভা অনুষ্ঠিত হয়।

৭.০০ <u>বিবিধ আলোচনা:</u>

(ক) সভাপতি পরিকল্পনা কমিশন চত্বরে অবস্থিত সকল ব্লকের ছাদ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। প্রস্তাবিত কমিটি নিম্নরূপ হতে পারে:

| | | |
|---|---|---|
| ১. | উপসচিব (সাধারণ শাখা ১ ও ২), পরিকল্পনা বিভাগ | আহবায়ক |
| ২. | উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ৩. | সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ | সদস্য সচিব |

(খ) সভাপতি পরিকল্পনা বিভাগ ও কমিশনের অকেজো মালামালসমূহ ও অকেজো যানবাহন বিধি অনুসারে নিষ্পত্তির ব্যবস্থা করার উপর গুরুত্বারোপ করেন। তিনি জরুরি ভিত্তিতে অকেজো মালামাল নিলামের মাধ্যমে বিক্রির ব্যবস্থা করার জন্য সিনিয়র সহকারী সচিব, সাধারণ-১/২ শাখাকে নির্দেশ দেন।

৮.০০ <u>বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

(ক) চলতি অর্থবছরে গৃহীত ডিজিটাল আইডিয়ার অগ্রগতি সম্পর্কে সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) আগামী ৯/১২/২০২১ তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগকে লিখিত আকারে অবহিত করবেন;

(খ) গাড়ী অধিযাচন ও বৈদেশিক প্রশিক্ষণে সমতা নিশ্চিতকরণ বিষয়ক সফটওয়্যার সম্পর্কে বিস্তারিত জানানোর জন আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে পত্র প্রদান করতে হবে;

(গ) ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মকর্তাগণকে অবহিতকরণের লক্ষ্যে ডিসেম্বর/২০২১ মাসে অন্ত ২টি কর্মশালা আয়োজন করতে হবে;

(ঘ) পরিকল্পনা বিভাগের তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করে আইসিটি সেল কর্তৃক সচিব, পরিকল্পনা বিভাগ অবহিত করতে হবে;

(ঙ) সচিব পরিকল্পনা বিভাগ যে সকল সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন সেগুলোর তথ্যসহ ছবি তথ্য বাতা আইসিটি সেল কর্তৃক আপলোড করতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্ট

(চ) পিটি শাখার মাধ্যমে আয়োজিত উদ্ভাবন সংশ্লিষ্ট প্রশিক্ষণে ব্যয়িত অর্থ উদ্ভাবন খাত থেকে সমন্বয় করে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার প্রমাণক হিসেবে উল্লেখ করতে হবে;

(ছ) দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে প্রণয়নপূর্বক পরিদর্শনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;

(জ) পরিকল্পনা কমিশন চত্বরের সকল ভবনের ছাদ গঠিত কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

(ঝ) জরুরি ভিত্তিতে অকেজো গাড়ি ও মালামাল বিধি মোতাবেক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.০০। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
০৬/১২/২০২১
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সচিব
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৪৬.০০১.২১-৩৭৯

তারিখঃ ২২ অগ্রহায়ণ, ১৪২৭
০৭ ডিসেম্বর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (বাজেট ও এপিএ/সমন্বয়/প্রটোকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. যুগ্মপ্রধান, সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৪. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপসচিব, (এসএসআরসি/পিটি/সাধারণ-১ ও ২/এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬. উপসচিব/উপপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. পরিচালক (প্রঃ ও অঃ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৯. সিনিয়র সহকারী প্রধান, সমন্বয় (জিএডি/কার্যক্রম), পরিকল্পনা কমিশন, ঢাকা
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনাবিভাগ, ঢাকা
১১. সচিব, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (বাজেট), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৪. সংশ্লিষ্ট নথি

০৭/১২/২০২১
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd